# পাঁচ মাসে রাষ্ট্রে পরিবর্তনের বদলে দলীয়করণ: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার দাবি করেছেন, বিভিন্ন পর্যায়ে বিএনপির দলীয়করণের কারণে গত পাঁচ মাসে রাষ্ট্র পরিচালনায় উল্লেখযোগ্য কোনো পরিবর্তন দেখা যায়নি।

শুক্রবার (৩১ জুলাই) বিকেল ৫টায় যশোর জেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত ‘চব্বিশের গণঅভ্যুত্থান: প্রত্যাশা ও প্রাপ্তি’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

বক্তব্যে মিয়া গোলাম পরওয়ার বলেন, আওয়ামী লীগের সঙ্গে বিএনপির মৌলিক কোনো পার্থক্য নেই। তার দাবি, সরকার পরিচালনায় কেবল নামের পরিবর্তন হয়েছে, কিন্তু শাসনের ধরন বা চরিত্রে কোনো পরিবর্তন আসেনি।

তিনি আরও অভিযোগ করেন, বিএনপি একদিকে জুলাই সনদের প্রতি সমর্থনের কথা বললেও অন্যদিকে গণভোটের রায় মেনে চলতে আগ্রহী নয়। তার ভাষ্য, এ ধরনের অবস্থান গণতান্ত্রিক চর্চার পরিপন্থী এবং দলটি আবারও ফ্যাসিবাদের পথে এগোচ্ছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে আইনজীবী এস এম শাহরিয়ার কবির বলেন, ‘জামায়াতে ইসলামী যতদিন থাকবে, ততদিন এ দেশের স্বাধীনতা কেউ কেড়ে নিতে পারবে না। আমাদের সামনে একটাই লক্ষ্য—দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জনগণের অধিকার রক্ষা করা।’

LENS ASIA